

মোমিন

রাজন নন্দী

মোমিন আমার বন্ধু ছিল স্কুলে,
এ ক' বছরে কত - শত নাম তো গেছি ভুলে;
কেন তোর নামটাই হঠাৎ মনে আসে?
হাই স্কুলের পাঁচটি বছর চোখের সামনে ভাসে।

সাতচারাতে হাত ছিল তোর পাকা
পায়ের নীচে সর্ষে ছিল রাখা
পি. আই স্যারের সেই জোড়া বেতের আদর !
আমি - তুই - আমরা ছিলাম বাঁদর; স্যারের নিজের ভাষায়।

গেল বছর দেশে ফিরে স্কুলে গিয়েছিলাম,
স্কুলটা প্রায় একই রকম আছে,
কেবল মাঠটা ঘিরে দালান উঠেছে কতক,
আর পেছনের সেই খালটা গেছে মজে।

নিবির এখন আমেরিকা, জাহিদ টরেন্টোতে
রঞ্জন - পল্লব - সিফাত - অপু আছে কাছে দূরে,
তুই তো ব্যাটা মরে গিয়ে আছিস বেজায় সুখে
সাতটি চারার মতই কোথাও, সাত আসমানের বুকে।

সবাই কেমন ছড়িয়ে ছিটিয়ে গেছি,
যেন চারা সাতটি ছিটকে গেছে দূরে,
একটি কেবল পাইনা কোথাও খুজ্ঁে।
মোমিন, এসে মিলিয়ে দেনা ভাই,
